

## পরীক্ষা

# এইচএসসি পরীক্ষার ফরম পূরণ করবেন যেভাবে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



২০২৩ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার [ফরম পূরণ](#) ও পরীক্ষার ফি-সংক্রান্ত কার্যক্রম চলছে।

শিক্ষার্থীদের তথ্যসংবলিত সন্তান্য তালিকা ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের [ওয়েবসাইট](#) -এ গত ১৫ জুন প্রকাশ করা হয়েছে। ৯ থেকে ১৬ জুলাইয়ের মধ্যে পরীক্ষার্থী নির্বাচন সম্পন্ন করতে হবে। পরীক্ষার্থীকে ১৭ জুলাইয়ের মধ্যে পরীক্ষার ফি জমা দিতে হবে।

ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের এক নির্দেশনায় বলা হয়েছে, সব প্রতিষ্ঠানকে ঢাকা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে OEMS/Eff-এ ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন করে Probable List- এ যেতে হবে। তালিকা প্রিন্ট করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিকচিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে। এই হার্ড কপি probable List- এ টিকচিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শন করা probable List থেকে Select করতে হবে।

- Temporary List Print করে ভালোভাবে যাছাই-বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।
- এরপর Pay Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) Pay Slip- এ উল্লিখিত পরিমাণ টাকা জমা করতে হবে। উল্লেখ্য Pay Slip Print করলে আর কোনো অবস্থাতেই

Select/Unselect করা যাবে না।

- সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার সর্বশেষ ১৭ জুলাই। ফি জমা দেওয়ার ২৪ ঘণ্টার মধ্য ফাইনাল ক্যান্ডিডেট লিস্ট প্রিন্ট অ্যাকচিভ হবে। ফাইনাল ক্যান্ডিডেট লিস্ট প্রিন্ট করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে। প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠানপ্রধানের সই থাকতে হবে।
- বিলম্ব ফি-সহ ১৮ থেকে ২৩ জুলাই পর্যন্ত অনলাইনে ফরম পূরণ করা যাবে। সোনালী সেবার মাধ্যমে ১০০ টাকা বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ করা যাবে। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৪ জুলাই।

### পরীক্ষার্থীর স্বাক্ষরসংবলিত প্রিন্ট কপি শিক্ষাপ্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে

রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদন করতে হবে। জিপিএ উন্নয়ন ও এক বা দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদেরও সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদন করতে হবে। ২০২৩ সালে জিপিএ-৫-এর কম পাওয়া শিক্ষার্থীরা জিপিএ উন্নয়নের সুযোগ পাবেন, তবে তাঁদের সব বিষয়ে পরীক্ষা দিতে হবে।

### ফরম পূরণ ফি

এইচএসসির ফরম পূরণের মোট ফি নির্ধারণ করে দিয়েছে টাকা শিক্ষা বোর্ড। এর মধ্যে বিজ্ঞান শাখার জন্য ২ হাজার ৬৮০ টাকা, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ২ হাজার ১২০ টাকা করে ফি নির্ধারণ করা হয়েছে। অবশ্য মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার কোনো পরীক্ষার্থীর চতুর্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে আরও ১৪০ টাকা যুক্ত হবে। এ ছাড়া মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার কোনো শিক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক থাকলে বিষয়প্রতি আরও ১৪০ টাকা যুক্ত হবে।



 prothomalo.com

---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো